56

দৈনিক ইত্তেফাক

তারিখ 07 OCT 1998
পৃষ্ঠা ১৭ কলাম ৫

# বেসরকারী শিক্ষকদের চাকুরী জাতীয়করণের দাবী

চট্টগ্রাম অফিস ॥ বাংলাদেশ শিক্ষক সমিতি (ফেডারেশন) চট্টগ্রাম আঞ্চলিক শাখার সভায় বেসরকারী শিক্ষক ও কর্মচারীদের চাকুরী জাতীয়করণ করিয়া শিক্ষাক্ষেত্রে বিরাজমান বৈষম্য দূর করার জন্য সরকারের প্রতি আহ্বান জানান হয়। চাকুরী জাতীয়করণ না হওয়া পর্যন্ত ১০০ ভাগ বেতন ভাতা প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকদের উচ্চতর স্কেলে বেতন প্রদান এবং জনবল কাঠামো প্রত্যাহার করার জন্য বক্তারা সরকারের নিকট দাবী জানান।

গত ৩০ সেপ্টেম্বর, চট্টগ্রাম আঞ্চলিক শাখার সভাপতি মুহিব্বুর রহমান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় ৮ই নভেম্বর নির্বাচনী পরীক্ষা, ২৩শে নভেম্বর বার্ষিক পরীক্ষা এবং ১৭ই ডিসেম্বর সংগঠন পরিচালিত ট্যালেন্ট বৃত্তি পরীক্ষা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বক্তব্য রাখেন গোলাম রহমান, সুলতান মজুমদার, এম, এ, ছফা চৌধুরী, ফরিদ আহমদ, খাইরুল বশর, আবদুস সত্তার মজুমদার, আবদুল ওহাব, আবদুস সালাম চৌধুরী প্রমুখ।